তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ২৪/২০১৬

অভিযোগকারী ঃ	**জনাব মোঃ ফিরোজ উদ্দিন পিতা-মোঃ ওছমান গনী ব্লাস্ট, ১/১ পাইওনিয়ার রোড কাকরাইল, ঢাকা-১০০০।**	**প্রতিপক্ষ ঃ**	**জনাব তারেক আহমেদ মহাপরিচালক (বহিঃ প্রচার) ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রশাসন অনুবিভাগ সেগুন বাগিচা, ঢাকা**

সিদ্ধান্তপত্র

(তারিখ ঃ ২২-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ২০-১০-২০১৫ তারিখে (অভিযোগে উল্লিখিত তথ্য অনুযায়ী) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ শামিম আহসান (এনডিসি), মহাপরিচালক (বহিঃ প্রচার অনুবিভাগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রশাসন অনুবিভাগ, সেগুন বাগিচা, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ক. পররাষ্ট্র মন্ত্রণালয়ে মোট কর্মকর্তা ও কর্মচারী সংখ্যা কত? এদের মধ্যে প্রতিবন্ধী নারী ও পুরুষ কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা কত? নামসহ তালিকা।

খ. পররাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মরত প্রতিবন্ধী কর্মকর্তা ও কর্মচারী কে কোন পদে নিয়োজিত আছেন? নামসহ তালিকা।

গ. পররাষ্ট্র মন্ত্রনালয়ে কোটা অনুযায়ী কতজন তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী প্রথম শ্রেণীর নন ক্যাডার এবং ক্যাডারভূক্ত কর্মকর্তা ২০১০ সালের জানুয়ারি মাস থেকে ২০১৫ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত সময়ের মধ্যে নিয়োগ পেয়েছে? এরুপ

ঘ. নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পদবী ও নাম সহ তালিকা পেতে চাই। এদের মধ্যে কত জন নারী ও পুরুষ প্রতিবন্ধী ব্যক্তি প্রতিবন্ধিদের জন্য সংরক্ষিত কোটায় নিয়োগ পেয়েছেন। তাদের নামসহ তালিকা।

ঙ. সরকারি চাকুরিতে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কত ভাগ কোটা সংরক্ষিত আছে? তা জানতে চাই। এবং পররাষ্ট্র মন্ত্রণালয় কত ভাগ কোটা প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগের ক্ষেত্রে অনুসরণ করে? তা জানতে চাই।

চ. পররাষ্ট্র মন্ত্রণালয়ে নিয়োগকৃত প্রতিবন্ধী কর্মকর্তা ও কর্মচারীদের জন্যে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ অনুযায়ী প্রয়োজনীয় স্বাচ্ছন্দের জন্য উপযোগী পরিবেশ ও ন্যায্য সুযোগ সুবিধা (Reasonable Accommodation) প্রাপ্তির অধিকার নিশ্চিত করার নিমিত্ত কি কি ব্যবস্থা ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে? এতদ বিষয়ে অদূর ভবিষ্যতে বাস্তবায়নের কোন পরিকল্পনা রয়েছে কি? গৃহিত ও গৃহিতব্য ব্যবস্থা সমূহের তালিকা।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৯-১১-২০১৫ তারিখে জনাব মোঃ শহিদুল হক, সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২০-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২২-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয় ।

৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী চাহিত তথ্য পান নি বলে কমিশনের কাছে বিচার প্রার্থনা করেন। প্রতিপক্ষ জনাব তারেক আহমেদ, মহাপরিচালক (বহিঃ প্রচার) ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তথ্য প্রদান করার উদ্দেশ্যে তথ্যের মূল্য সরকারী কোষাগারে জমা দেওয়ার জন্য চিঠি প্রেরণ করা হয়েছে। অভিযোগকারী তথ্যের মূল্য সরকারি কোষাগারে

জমা দেওয়ার জন্য যে চিঠি প্রেরণ করা হয়েছে তা পান নি বলে কমিশনকে জানান। এর জবাব হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীকে তথ্য প্রদান করতে তিনি প্রস্তুত আছেন বলে কমিশনকে অবহিত করেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে যথাসময়ে তথ্য সরবরাহ করেন নি। তবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জবাব পর্যালোচনায় দেখা যায় যে, তিনি এক পৃষ্ঠার যে তথ্য সরবরাহ করেছেন তাতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মোট ৪১০ জন ৩য় ও ৪র্থ শ্রেনীর কর্মচারীর মধ্যে ৪ জন পুরুষ ও ১ জন নারী কর্মচারী প্রতিবন্ধী কোটায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন। কিন্তু প্রতিবন্ধী কোটায় নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের নামের তালিকা প্রকাশ করা হলে তাদের ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হতে পারে বিবেচনায় তা প্রদান করা হয় নি। প্রতিপক্ষের এই বক্তব্য ও জবাব গ্রহণযোগ্য নয়। কারণ সাক্ষ্য আইনের ৭৪ ধারা অনুযায়ী এই তথ্য সরকারী দলিল (পাবলিক ডকুমেন্ট) এর অংশ। যেহেতু সরকারী চাকুরীতে যোগদান কালেই তারা প্রতিবন্ধী কোটায় আবেদনকারী হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন সেহেতু তাদের এই তথ্য কোন গোপনীয় তথ্য নয় ও তারা উক্ত তথ্য নিজেদের আবেদনে প্রকাশ করায় তাদের ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হবার কোন অবকাশ নেই। বরং এটি প্রকাশ করা হলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়োগ সংক্রান্ত কার্যক্রমের স্বচ্ছতা পরিদৃষ্ট হবে এবং প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুযায়ী কর্মক্ষেত্রে প্রয়োজনীয় স্বাচ্ছন্দ্যের জন্য উপযুক্ত পরিবেশ ও ন্যায্য সুযোগ সুবিধা প্রাপ্তির অধিকার নিশ্চিত করা সম্ভব হবে । এই সকল বিষয় বিবেচনায় তথ্য কমিশন প্রার্থীত পূর্ণাঙ্গ তথ্য সরবরাহ করার অভিমত প্রকাশ করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর প্রার্থীত তথ্য তথ্যমূল্য পরিশোধ সাপেক্ষে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। উপর্যুক্ত পর্যালোচনার পরিপ্রেক্ষিতে তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থীত সকল তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব তারেক আহমেদ, মহাপরিচালক (বহিঃ প্রচার) ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রশাসন অনুবিভাগ, সেগুন বাগিচা, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

৪। বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্যাদি তথ্য কমিশনের এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা দেওয়া হলো ।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	**স্বাক্ষরিত**	**স্বাক্ষরিত**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[বে.স]